

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
অপ্রধান শস্য কর্মসূচি  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.brdb.gov.bd](http://www.brdb.gov.bd)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.১১.০০০১.২৪.৩৮

১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখ: ৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ


বিষয়: অপ্রধান শস্য কর্মসূচি'র মাঠ সংগঠকের শূণ্য পদে জরুরিভিত্তিতে স্থানীয়ভাবে জনবল নিয়োগ সম্পন্নকরণ সংক্রান্ত।

সূত্র: স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.১১.০০০১.২৪.৩৮; তারিখ: ২৮/০৮/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'অপ্রধান শস্য কর্মসূচি' বিগত ০১/০১/২০২৪ খ্রিঃ তারিখ হতে দেশের ৬৪ জেলার ২৫৬ উপজেলায় বিআরডিবি'র নিজস্ব কর্মসূচি হিসেবে পরিচালিত হচ্ছে। ফেব্রুয়ারি-২০২৬ মাসের মনিটরিং প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, চলমান এই কর্মসূচি'র ৬৪ জেলাধীন ২৫৬ টি উপজেলার মধ্যে ১০ টি জেলার ১৫ টি উপজেলায় (তালিকা: সংযুক্তি-১) মাঠ সংগঠকের পদ দীর্ঘদিন যাবৎ জনবল শূণ্য রয়েছে। উল্লেখ্য যে, অপ্রধান শস্য কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা অনুসারে জনবল নিয়োগের (মাঠ সংগঠক নিয়োগের) ক্ষমতা সংশ্লিষ্ট উপজেলা ও জেলা দপ্তরের উপর ন্যস্ত। তথাপি, নীতিমালা অনুসারে জরুরি বিবেচনায় জনবল নিয়োগ না করায় ঋণ বিতরণ ও আদায়কারী জনবলের অভাবে দিনে দিনে এই সকল উপজেলায় বিরাজমান বৃহৎ অঙ্কের সরকারি ঋণ তহবিল মেয়াদ উত্তীর্ণ হয়ে পড়ছে; যার দায়ভার সংশ্লিষ্ট উপজেলা ও জেলা দপ্তরে কর্মরত বিআরডিবি'র কর্মকর্তাগণ কোনভাবেই এড়িয়ে যেতে পারেন না।

এমতাবস্থায়, আপনার নিয়ন্ত্রনাধীন উপজেলার অপ্রধান শস্য কর্মসূচি'র মাঠ সংগঠকের শূণ্য পদে অবিলম্বে/ জরুরিভিত্তিতে স্থানীয়ভাবে জনবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরি।



০৪-০৩-২০২৬

মোঃ তাফজেল হোসেন

কর্মসূচি পরিচালক

ফোন : ০২৫৫০১১৭৪৯

ইমেইল : pdmcpmp@brdb.gov.bd

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বিআরডিবি, উপজেলা: ত্রিশাল/ফুলপুর/গোলাপগঞ্জ/বিয়ানী বাজার/ফকিরহাট/চিতলমারী/চাঁদপুর সদর/সাতকানিয়া/বোয়ালখালী/হাতীবান্ধা/আদিতমারী/গৌরনদী/হরিরামপুর/ডোমার/কুমিল্লা সদর দক্ষিণ, জেলা: ময়মনসিংহ/সিলেট/বাগেরহাট/চাঁদপুর/চট্টগ্রাম/লালমনিরহাট/বরিশাল/মানিকগঞ্জ/নীলফামারী/কুমিল্লা।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.১১.০০০১.২৪.৩৮/১ (৫)

১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
তারিখ: ৪ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, জেলা: ময়মনসিংহ/ সিলেট/ বাগেরহাট/ চাঁদপুর/ চট্টগ্রাম/ লালমনিরহাট/ বরিশাল/ মানিকগঞ্জ/ নীলফামারী/ কুমিল্লা।
- ২। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (পত্রটি বিআরডিবি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।
- ৪। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত] এবং
- ৫। অফিস, নথি।



০৪-০৩-২০২৬

মোঃ তাফজেল হোসেন

কর্মসূচি পরিচালক